মুজিববর্ষেরআহবান
দক্ষহয়েবিদেশযান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান-২ শাখা
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতনএলিফ্যান্ট রোড, ঢাকা-১০০০
www.probashi.gov.bd

নং- ৪৯.০০.০০০০.০৫০.১৫.১১৯.২০.১৫৬ তারিখ: ২৯-০৮-২০২১খ্রিঃ।

**বিষয়: ২০২০-২০২১ অর্থ বছরে বাস্তবায়িত উদ্ভাবন ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো. আব্দুল মান্নান<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এবং চিফ ইনোভেশন অফিসার,<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৯ আগস্ট ২০২১ খৃস্টাব্দ। রবিবার। |
| সভার সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষনং-৬২৫, প্রবাসী কল্যাণ ভবন)। |
| অংশগ্রহণকারী | : | পরিশিষ্ট- ক দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার উদ্দেশ্য ব্যাখ্যা করে বলেন যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবন ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনার জন্য এ সভা আহবান করা হয়েছে। বিশেষ করে ২০২০-২০২১ অর্থবছরে মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়নসহ সংশ্লিষ্ট করণীয় বিশ্লেষণের মাধ্যমে ২০২১-২০২২ অর্থবছরে এক্ষেত্রে আরও সক্রিয় হবার আশাবাদ ব্যক্ত করে তিনি সকলের সুচিন্তিত মতামত কামনা করেন।

২। এরপর ইনোভেশন অফিসার (উপসচিব, কর্মসংস্থান-২) সভাকে অবহিত করেন যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১-এ মোট ১৫টি সুনির্দিষ্ট উদ্দেশ্য পূরণের জন্য ৩৬টি কার্যক্রম নির্ধারণ করা হয়। এরজন্য ১০০ নম্বর বরাদ্দ রাখা হয়। বার্ষিক মূল্যায়নে এ মন্ত্রণালয় ১০০ নম্বরের মধ্যে ৯৪.৪ নম্বর অর্জন করেছে। এক্ষেত্রে উল্লেখযোগ্য কার্যক্রম পর্যালোচনা ও চিফ ইনোভেশন কর্মকর্তার নির্দেশনা নিচে তুলে ধরা হলো:

(২.১) মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা করলে দেখা যায় যে, উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে দুইটি একদিনের কর্মশালা/সেমিনার আয়োজনের কর্মপরিকল্পনা (কার্যক্রম ৪.১) থাকলেও একটি কর্মশালা আয়োজন করা হয়েছে। এছাড়া উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর / প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের কর্মপরিকল্পনা (কার্যক্রম ৯.২) থাকলেও কোভিড-১৯ অতিমারী পরিস্থিতির কারণে তা বাস্তবায়ন করা সম্ভব হয়নি। সভাপতি এক্ষেত্রে ২০২১-২০২২ সালের সকল কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য একটি সময়াবদ্ধ কর্মসূচি গ্রহণের পরামর্শ দেন।

(২.২) উদ্ভাবন কর্মপরিকল্পনার ৫.১ কার্যক্রমে উদ্ভাবনী উদ্যোগ/ ধারণা আহ্বান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলি যাচাই-বাছাইপূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশের উল্লেখ ছিল। এক্ষেত্রে সর্বশেষ ২০.১১.২০২০ তারিখের মধ্যে কার্যক্রমটি সম্পন্নের বাধ্যবাধকতা থাকলেও ডিসেম্বর ২০২০-এ উদ্ভাবনী উদ্যোগ/ ধারণা আহবান করা হয়। সেপ্রেক্ষিতে ৪টি ধারণা পাওয়া গিয়েছিল এবং উক্ত ধারণাগুলো ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে বলে সভায় জানানো হয়। সভাপতি এক্ষেত্রে ২০২১-২০২২ সালের সকল কর্মপরিকল্পনায় যেসকল কাজের জন্য সুনির্দিষ্ট তারিখ বা সময় নির্ধারণ করা রয়েছে, তা যথাযথভাবে অনুসরণ করার পরামর্শ দেন।

(২.৩) উদ্ভাবন কর্মপরিকল্পনার ৮.১ কার্যক্রমে ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/ জাতীয় পর্যায়ে বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল। এক্ষেত্রে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের Enterprise Resource Planning (ERP) এর মাধ্যমে প্রবাসী কর্মীর পরিবারকে অনলাইনে অনুদানের অর্থ প্রদানের ব্যবস্থা নেয়া হয়েছিল। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড সেবাটি ডিজিটাল সেবায় রূপান্তরিত করেছে বলে সভায় জানানো হয়।

(২.৪) উদ্ভাবন কর্মপরিকল্পনার ৬.২ কার্যক্রমে একটি উদ্ভাবনী উদ্যোগ্রে পাইলটিং বাস্তবায়নের অংশ হিসেবে “আমি প্রবাসী (Ami Probashi)” মোবাইল এপ্লিকেশনটি বাস্তবায়ন করা হয়েছে বলে সভায় উল্লেখ করা হয়।

(২.৫) এছাড়াও সকল সূচক অনুযায়ী ২০২০-২০২১ সালে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা হয় বলে জানানো হয়।

৩। **সিদ্ধান্তসমূহ:** উপর্যুক্ত আলোচনার পর সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(৩.১) ২০২০-২০২১ সালের কার্যক্রম যথাযথ বাস্তবায়নের প্রতিবন্ধকতা দূর করে ইনোভেশন কমিটি ২০২১-২০২২ অর্থবছরের পরিকল্পনা বাস্তবায়ন করবে। এক্ষেত্রে কোভিড-১৯জনিত নিউ নর্মাল পরিস্থিতির মধ্যেই নিয়মিত সভা ও পর্যালোচনার মাধ্যমে উদ্ভাবনী কার্যক্রমের জন্য পরিকল্পনা গ্রহণ, সকলের অংশগ্রহণে বাস্তবায়ন ও মনিটরিং করতে হবে।

(৩.২) ২০২১-২০২২ সালের উদ্ভাবন কর্মপরিকল্পনায় যেসকল কার্যক্রম বাস্তবায়নের বাস্তবায়নের জন্য নির্দিষ্ট টাইমলাইন রয়েছে, সেসকল ক্ষেত্রে একটি সময়াবদ্ধ কর্মসূচি গ্রহণ করতে হবে।

৪। পরিশেষে সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকল অংশগ্রহণকারীকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/৮/২১

(মো. আব্দুল মান্নান)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও
চিফ ইনোভেশন অফিসার
ফোন: ৪১০৩০২২৪
Email:adsadmin@probashi.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব/ যুগ্ম সচিব (সকল অনুবিভাগ প্রধান), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা।
০৪। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিঃ, ঢাকা।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, ঢাকা।

অনুলিপি:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অফিস কপি।